গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস
সিলেট।
www.info.sylhet.gov.bd

নং-১৫.৫৬.৯১০০.০০১.১৬.০০৫.২২- ৩৬ 　　　　　　　　　　তারিখ :-১৬/০৯/২০২৫খ্রি.

## পাক্ষিক জনমত ও প্রতিক্রিয়া প্রতিবেদন সেপ্টেম্বর'২০২৫ (১ম পক্ষ)

১. **বিদ্যুৎ পরিস্থিতি** : ঘন ঘন লোডশেডিংয়ের কারণে সিলেট জেলাবাসীর জনজীবন অতিষ্ঠ। তাপমাত্রা বৃদ্ধির অসহনীয় গরমের মধ্যে এ ধরনের লোডশেডিং কোনভাবেই মেনে নিতে পারছেন না জনসাধারণ। একই পরিস্থিতি উপজেলাগুলোতে বিরাজমান বলে জানা যায়। সিলেট জেলা সদরসহ উপজেলাগুলোর বিদ্যুৎ ব্যবস্থার উন্নতিকল্পে যুগান্তকারী পদক্ষেপ কামনা করেছেন সচেতন সিলেটবাসী।

২. **দ্রব্যমূল্য পরিস্থিতি** : কেবলমাত্র কাঁচামরিচের মূল্যই নয় অসহনীয় পর্যায়ে বেড়েছে আরও অনেক নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য। ফলে বেকায়দায় পড়েছেন ভোক্তাসাধারণ। সিলেট জেলার বাজার মনিটরিংকালে ক্রেতাদের মধ্যে হাতাশার বাণী শোনা যায়। দ্রুততম সময়ের মধ্যে সকল প্রকার নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য ক্রেতাসাধারণের ক্রয়ক্ষমতার আওতায় নিয়ে আসতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছেন সিলেটবাসী।

৩. **আইনশৃঙ্খলা পরিস্থিতি** : জেলা তথ্য অফিস, সিলেট আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান, স্থানীয় পত্রিকা ও আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক সিলেট জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিম্নরূপ : চলতি মাসে ডাকাতির মামলা দায়ের হয়েছে-০, দস্যুতা মামলা-৩টি, খুন-০২টি, দ্রুত বিচার আইন/২০০২ সংক্রান্ত মামলা-০১টি, ধর্ষণ মামলা-০৩টি, শিশু ধর্ষণ-০৩টি, পুলিশ সংক্রান্ত মামলা-০, সিঁধেল চুরি-০৪টি এবং অন্যান্য মামলা-০৩টি। সিলেট জেলার সীমান্ত এলাকায় চোরাচালান পূর্বের চেয়ে অনেক কমে এসেছে। এক্ষেত্রে তথ্য অফিস কর্তৃক সচেতনতামূলক বিভিন্ন প্রচার অব্যাহত রয়েছে। আইনশৃঙ্খলা কমিটির সভায় জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন ও জনপ্রতিনিধিদের মতামত অনুসারে সিলেট জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

৪. **প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা: প্রাথমিক ও** মাধ্যমিক বিদ্যালয় সমূহে দ্বিতীয় সাময়িক পরীক্ষা চলমান রয়েছে বলে জানায় প্রাথমিক ও জেলা শিক্ষা অফিস।

৫. **অন্যান্য** : অসহনীয়ভাবে তাপমাত্রা বৃদ্ধির কারণে অতিষ্ঠ সিলেটবাসী। তীব্র গরমের কারণে জনসাধারণ ভুগছেন জ্বর, কাশিসহ নানাবিধ রোগে। এছাড়া করোনা ভাইরাস আতংকেও রয়েছেন সিলেটবাসী। স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা যায় তীব্র গরমের কারণে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই অবস্থায় সকলকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন সিলেট স্বাস্থ্য বিভাগ।

16/09/2025

মীর মোহাম্মদ আসলাম উদ্দিন
পরিচালক
জেলা তথ্য অফিস, সিলেট।
ফোন : 0241100092
ই-মেইল : diosyloffice@yahoo.com

প্রাপক :
মহাপরিচালক
গণযোগাযোগ অধিদপ্তর
ঢাকা।